ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

আইবিএস/ই-২১/২৬/৫৬৫ **তারিখ: ০১-১১-২৬**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজে নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম ও সংখ্যা	বিষয়ের নাম ও সংখ্যা	বেতন স্কেল
ফেলো (সহকারী অধ্যাপক)-৮টি/ সহযোগী অধ্যাপক-৩টি	ইতিহাস-১, বাংলা-১, ইংরেজি-১, রাষ্ট্রবিজ্ঞান-১, অর্থনীতি-১, ভূগোল-১, মনোবিজ্ঞান-১, নৃ-বিজ্ঞান-১, ফোকলোর-১, আইন-১, সমাজকর্ম-১	ফেলো (সহকারী অধ্যাপক): টা. ৭১,৫০০-১,৩৪,০০০/- ও সহযোগী অধ্যাপক: ১,০০,০০০/-১,৪২,৪০০/- ৯ম জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী প্রচলিত ভাতাদি।

উপর্যুক্ত প্রতিটি পদসমূহে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সম্পর্কিত বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের www.ru.ac.bd/ibs/-এ পাওয়া যাবে। আবেদনপত্র ডাউনলোড করে পূরণ পূর্বক ১১ (এগার) সেট দরখাস্ত আগামী ২৪-১১-২০২৬ তারিখ বিকাল ৪টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। আবেদনের সাথে টা. ২,০০০/- (দুই হাজার টাকা) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ব্যাংকের অনুকূলে "পরিচালক (পরীক্ষা তহবিল), আইবিএস", নামে বিদ্যামান সঞ্চয়ী হিসাব ২০০০০২২২৮০৯০ নম্বরে অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে জমা দিতে হবে। প্রতি পদের জন্য প্রতি সেট দরখাস্তের সাথে সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার নম্বরপত্র ও সার্টিফিকেট, চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, চাকুরির অভিজ্ঞতার সার্টিফিকেট, সকল প্রকার গবেষণামূলক প্রবন্ধের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে। পূর্বে যারা আবেদন করেছেন তাঁদের নতুনভাবে আবেদন করার প্রয়োজন নেই।

শিক্ষাগত যোগ্যতা: ফেলো (সহকারী অধ্যাপক)

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/ইনস্টিটিউট/অনুষদের নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

ঙ. কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

চ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্সের যে কোনো একটিতে মেধাতালিকায় প্রথম স্থান অধিকারী প্রার্থীর ক্ষেত্রে প্রথম হতে সপ্তম স্থানের শর্ত শিথিলযোগ্য। সে ক্ষেত্রে উভয় পরীক্ষার ফলাফলে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

ছ. প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০১ (এক) বছরের শিক্ষকতা/স্বীকৃত বিষয়সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা অথবা বিশ্ববিদ্যালয়ে অন্তত ০১ (এক) বছরের পোস্ট ডক্টোরাল অভিজ্ঞতা থাকতে হবে।

জ. স্বীকৃত পিয়ার রিভিউড/ক্লারিভেট (Clarivate) ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন/ইনডেক্স জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা হতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: সহযোগী অধ্যাপক

ক. যে বিষয়ে শিক্ষক নিয়োগ প্রদান করা হবে সে বিষয়/ইনস্টিটিউট/অনুষদের নীতিমালা প্রযোজ্য হবে।

খ. সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

গ. সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

ঘ. বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ, এবং ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট ও শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

ঙ. কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগের প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

চ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয় সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে পিএইচডি পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণা অভিজ্ঞতা থাকতে হবে।

ছ. স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্স জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয়ে অথবা বিষয় সংশ্লিষ্ট স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষের ০৪টি বৎসরে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনা থাকতে হবে। চারটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০২টি (দুই)টি প্রকাশনার First/Corresponding Author হতে হবে।



(প্রফেসর ড. এম. মোস্তফা কামাল)
পরিচালক
ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়